# টিডি টিকা



আপনার স্বাস্থ্য আমাদের অঙ্গীকার
HPNSP
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

Directorate General of Family Planning

Kingdom of the Netherlands

unicef

# টিডি টিকা

## টিডি টিকার গুরুত্ব

সারাজীবনে একজন নারীকে নূন্যতম ৫ ডোজ টিডি টিকা নিতে হয়। সম্প্রসারিত টিকাদান কর্মসূচী অনুযায়ী ১৫ বছর বয়স থেকে টিকা দেয়া শুরু করতে হয় এবং সে অনুযায়ী মোট ৫ ডোজ টিডি টিকা নিতে হয়। পুরো ডোজ শেষ করতে মোট ২ বছর ৭ মাস সময় লাগে।

## ১৫-৪৯ বছর বয়সের মহিলাদের টিডি টিকাদান সময়সূচি

| রোগের নাম | টিকার নাম | টিকার ডোজ | ডোজের সংখ্যা | টিকা শুরু করার সঠিক সময় | টিকাদানের স্থান | টিকার প্রয়োগ পথ |
|---|---|---|---|---|---|---|
| ধনুষ্টংকার ও ডিপথেরিয়া | টিডি (টিটেনাস ও ডিপথেরিয়া) | ০.৫ এম এল | টিডি-১ | ১৫ বছর বয়স হলেই যথাশীঘ্র | বাহুর উপরের অংশে | মাংশপেশী |
| | | | টিডি-২ | টিডি -১ পাওয়ার কমপক্ষে ২৮ দিন পর | | |
| | | | টিডি-৩ | টিডি -২ পাওয়ার কমপক্ষে ৬ মাস পর | | |
| | | | টিডি-৪ | টিডি -৩ পাওয়ার কমপক্ষে ১ বছর পর | | |
| | | | টিডি-৫ | টিডি -৪ পাওয়ার কমপক্ষে ১ বছর পর | | |

সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই), স্বাস্থ্য অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## গর্ভবতীর টিডি টিকা

যে সকল গর্ভবতী মা আগে কখনো টিডি টিকা নেয়নি তাকে উপরের ছক অনুযায়ী ১ম ডোজ টিডি টিকা নিতে হবে গর্ভধারণের ৪র্থ মাসে। ২য় ডোজ নিতে হবে তার ৪ সপ্তাহ পর। ৩য় ডোজ নিতে হবে ২য় ডোজের ৬ মাস পর অথবা পরবর্তী গর্ভধারণের সময়। ৪র্থ ডোজ নিতে হবে ৩য় ডোজের ১ বছর পর অথবা পরবর্তী গর্ভধারণের সময়। ৫ম ডোজটি ৪র্থ ডোজের ১ বছর পর অথবা পরবর্তী গর্ভধারণের সময় নিতে হবে। এভাবে ৫ ডোজ টিকা সঠিক সময়ে নেয়া হলে মা ও শিশু সারাজীবন ধনুষ্টংকার ও ডিপথেরিয়া থেকে রক্ষা পাবে।

যদি কিশোরী ৫ ডোজ টিডি পেয়ে থাকে তাহলে গর্ভকালীন সময়ে টিডি টিকা নেয়ার প্রয়োজন নাই।

*** প্রসবের সময়ের সাথে টিকাদান সময়সূচির কোনো পরিবর্তন হবে না

**মনে রাখতে হবে : ধনুষ্টংকার ও ডিপথেরিয়া মারাত্মক রোগ। এ রোগগুলো থেকে রক্ষা পেতে সব নারীকে ৫ ডোজ টিডি টিকা সঠিক সময়ে নিতে হবে।**

আপনার স্বাস্থ্য আমাদের অঙ্গীকার HPNSP স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
Directorate General of Family Planning
Kingdom of the Netherlands
unicef